

405

বিনামূল্যে বই ও পোশাক এখনো দেয়া হয়নি

কালিয়া (যশোর) ২৯শে
জুলাই (নিজস্ব সংবাদপত্র)।---
কালিয়া থানার প্রাইমারী স্কুলের
ছাত্রছাত্রীরা আজও বিনামূল্যে
দেয় বই ও পোশাকের মুখ দেখতে
পারেনি।

সরকার চলতি বছর সারা
দেশের প্রাইমারী স্কুলসবুহের
প্রথম শ্রেণীর শতকরা ৫০ জন
গরীব ছাত্রীকে বই ও শতকরা
৩০ জন গরীব ছাত্রীকে পোশাক
বিতরণের যে কর্মসূচী নিয়ে-
ছেন সে কর্মসূচী অনুযায়ী
কালিয়া থানার ৮৯টি প্রাইমারী
স্কুলের ছাত্রছাত্রীরা আজও বই
ও পোশাক পায়নি। যে সমস্ত
ছাত্র-ছাত্রীকে বই দেবার জন্য
নাম তালিকাভুক্ত করা হয়েছিল
তাদের অভিভাবকরা স্কুল থেকে
বই পাবেন এই আশায় তারা
পোষ্ট অফিস থেকে ছেলে-মেয়ে
দের বই কেনেননি। শিক্ষাবর্ষের
৭ মাস অভিযাহিত হবার পরও
বই না পাওয়ায় ছেলে-মেয়েদের
পড়াশুনার দারুণ ক্ষতি হয়েছে।
অনেক অভিভাবক বাধা হয়েই
চড়াপায়ে বাজার থেকে বই
সংগ্রহ করছেন।

013

এ ব্যাপারে থানা প্রাইমারী
শিক্ষক সমিতির সাধারণ সম্পা-
দকের নিকট যোগাযোগ করলে
তিনি জানান যে, অত্র থানার
জন্য বরাদ্দকৃত বইগুলি বেণ
কয়েক মাস যাবৎ নড়াইল
মহকুমা শিল্প অফিসারের
অফিসে পড়ে রয়েছে। অজ্ঞাত
कारणे সেগুলি থানায় পাঠানো
হচ্ছে না। আর ৮৯টি প্রাইমারী
স্কুলের ছাত্রীদের পোশাকের
জন্য বরাদ্দকৃত প্রায় এক লক্ষ
টাকা প্রায় দুইমাস আগে
কালিয়ার সি,ও (উন্নয়ন) অফিসে
এসে পড়ে আছে। পোশাকের
ব্যাপারে কমিটি এখন পর্যন্ত
কোন সিদ্ধান্তে উপনীত হতে
পারেনি। সার্কেল অফিসার,
থানা শিক্ষা অফিসার ও থানা
উন্নয়ন কর্মকর্তাকে নিয়ে ঐ
কমিটি গঠিত হয়েছে। কমি-
টিতে কোন শিক্ষক ও অভি-
ভাবক প্রতিনিধি নেই বলে
জানা গেছে।